দৈনিক বাংলা

তারিখ ... 11 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

259

# এডওয়ার্ড কলেজের ভিপি গ্রেফতার ঃ মিছিল ঃ ভাংচুর

।। নিজস্ব প্রতিনিধি ।।

পাবনা, ১০ই জুলাই।- এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের ভিপি এবং বুলবুল কলেজের একজন ছাত্রকে গ্রেফতারের প্রতিবাদে আজ ছাত্র লীগ (শা-অ) শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে এবং

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এডওয়ার্ড কলেজের

(প্রথম পৃঃ পর)

আগামীকাল সকাল থেকে দুপুর দুটো পর্যন্ত হরতালের ডাক দেয়। মিছিলকারীদের হাতে লাঠিসোটা ও আগ্নেয়াস্ত্র ছিল।

এডওয়ার্ড কলেজ ছাত্র সংসদের ভিপি সোহেল হাসান শাহীন এবং বুলবুল কলেজের ছাত্র আরিফুর রহমান পরাগকে আজ এক অনুষ্ঠান থেকে পুলিশ গ্রেফতার করে। বিক্ষুব্ধ ছাত্ররা একটি বিআরটিসি বাস (ঢাকা মেট্রো চ-৭৬০২), ঈশ্বরদী কৃষি গবেষণা কেন্দ্রের একটি জীপ এবং শহরের ২০/২২ টি দোকান ভাংচুর করে। তারা কয়েকটি ককটেলও ফাটায়। এতে শহরে আতংকের সৃষ্টি হয় এবং দোকানপাট দ্রুত বন্ধ হয়ে যায়।